

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিদর্শন বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	মোঃ রইছউল আলম মন্ডল, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
সভার স্থান	:	এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০-৫১২, ভবন নং-৬), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
তারিখ ও সময়	:	১৫ জানুয়ারি ২০১৯ ও বিকাল ০৩.০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	:	পরিশিষ্ট-‘ক’ তে সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব সুবোল বোস মনি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিগত ২২/০৫/২০১৪ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিদর্শন প্রতিবেদন পাঠ করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদনে ২০টি নির্দেশনা প্রদান করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এ মন্ত্রণালয় সম্ভাব্য পরিদর্শনের বিষয়ে সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ তাঁদের নিজ নিজ মতামত ব্যক্ত করেন। এরপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিগত ২২/০৫/২০১৪ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিদর্শন প্রতিবেদন এ মন্ত্রণালয়ের মৎস্য অনুবিভাগ, প্রাণিসম্পদ অনুবিভাগ ও পরিকল্পনা অনুবিভাগ এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর, দপ্তর ও সংস্থায় প্রেরণ করতে হবে এবং তাঁদের নিকট থেকে উক্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্যভিত্তিক সংক্ষিপ্ত প্রতিবেদন আগামী ১ সপ্তাহের মধ্যে এনে update করতে হবে।
- (খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিদর্শন বিষয়ে Presentation তৈরী করতে হবে, বিগত পরিদর্শনের সময় প্রদত্ত নির্দেশের বাস্তবায়নের তথ্য আনতে হবে। ভবিষ্যত পরিকল্পনা থাকতে হবে।
- (গ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে ভাষণের খসড়া তৈরী করতে হবে।
- (ঘ) জাতীয় মৎস্য ও চিংড়ি কমিটির ৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সুনির্দিষ্ট প্রতিবেদন দিবে।
- (ঙ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিদর্শন উপলক্ষ্যে সম্মেলন কক্ষের সাউন্ডসিস্টেম লাইট কক্ষের জন্য এসি, মাল্টিমিডিয়া সৃজনকরণসহ অন্যান্য কাজের জন্য বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (চ) মাননীয় প্রধানমন্ত্রীর বিশ্রামের জন্য প্রাক্তন মন্ত্রীর কক্ষ প্রস্তুত রাখতে হবে।
- (ছ) মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ পরিদর্শনের জন্য প্রতিটি শাখা যথাযথভাবে প্রস্তুত রাখতে হবে।
- (জ) মন্ত্রণালয়ের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য Talking Point অবিলম্বে তৈরী করে প্রস্তুত রাখতে হবে।
- (ঝ) মন্ত্রণালয়ের পক্ষ থেকে ক্রেস্ট/শুভেচ্ছা স্মারক/ফুল/ফুলের টব/টয়লেট/আপ্যায়নের মেনু সংগ্রহ, নিরাপত্তা পাসের ব্যবস্থা।
- (ঞ) মাননীয় প্রতিমন্ত্রীর জন্য Talking Point তৈরী করা।
- (ট) মন্ত্রণালয়ের সকল বাথরুম পরিচ্ছন্ন করে রাখতে হবে।
- (ঠ) করিডোরসহ মন্ত্রণালয়ের বহিরাংগণ সজ্জিত করতে হবে।
- (ড) করিডোর ও সম্মেলন কক্ষের লাইট পরিবর্তন করে LED লাইট স্থাপন করতে হবে।
- (ঢ) মাননীয় প্রধানমন্ত্রীর জন্য চেয়ার ও টেবিলের ব্যবস্থা করতে হবে।
- (ণ) আপ্যায়নের জন্য মেন্যু সংগ্রহ করতে হবে।
- (ত) এ মন্ত্রণালয়ের অস্থায়ী নামাজের জায়গার স্থাপনা সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (থ) সমগ্র কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় সংখ্যক উপকমিটি গঠন করবে।

২। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-  
১৭/০১/২০১৯  
(মোঃ রইছউল আলম মন্ডল)  
সচিব

নং-৩৩.০০.০০০০.১০৮.০৬.০০৯.১৯.৯৬

তারিখঃ ০৪ মাঘ ১৪২৫  
১৭ জানুয়ারি ২০১৯

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাওরান বাজার, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৩। যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেইট, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৮। উপ-পরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৯। উপসচিব (সকল)/উপপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১০। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
- ১১। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।



(মোঃ গোলাম মোস্তফা)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৯৬

ই-মেইলঃ dsmofla@gmail.com

অনুলিপিঃ

- ১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।